দৈনিক সংবাদ

তারিখ 14 AUG 1994
পৃষ্ঠা ৫ কলাম ৪

12

# নিয়োগ প্রাপ্তির পরও বেতন মিলছে না

সুনামগঞ্জ, ১৩ই আগস্ট (সংবাদদাতা)।–সুনামগঞ্জ জেলাধীন জগন্নাথপুর
থানার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত ১২ জন শিক্ষক–শিক্ষিকা নিয়োগ
প্রাপ্তির পর দীর্ঘ ৮ মাস যাবৎ বেতন–ভাতা থেকে বঞ্চিত থাকায় পরিবার
পরিজন নিয়ে তারা মানবেতর জীবনযাপন করছেন। গত বছরের ১০ই নভেম্বর
কেন্দ্রীয় প্রাথমিক শিক্ষক নির্বাচন কমিটির পত্রানুযায়ী (স্মারক নং
১৪৯৮/জি–২২০) জগন্নাথপুর থানার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ১২ জন
শিক্ষক–শিক্ষিকাকে নিয়োগ দেয়া হয়। নিয়োগপ্রাপ্ত শিক্ষক–শিক্ষিকাগণ
হচ্ছেন–কাকবলী প্রাথমিক বিদ্যালয়ের মোঃ আবুল কালাম, বড়ফেসী
বিদ্যালয়ের আবদুর রউফ, ঐয়ারকোনা বিদ্যালয়ের আবুল কালাম আজাদ,
কালনীরচর বিদ্যালয়ের মোঃ জয়নাল আবেদীন, কালাম্বরপুর বিদ্যালয়ের
আনোয়ারুল ইসলাম, শুক্রাম্বরপুর বিদ্যালয়ের রবিউল আলম, আলীপুর
বিদ্যালয়ের মোঃ আবু নছর, হাছান ফাতেমাপুর বিদ্যালয়ের আমেনা
আজমিরি, রসুলপুর বিদ্যালয়ের জাহানারা বেগম ও শাহনাজ বেগম,
মোহাম্মদপুর বিদ্যালয়ের মনোয়ারা বেগম এবং লছরী প্রাথমিক বিদ্যালয়ের
মাখজিদা আক্তার। অভিযোগে প্রকাশ, উল্লেখিত শিক্ষক–শিক্ষিকাগণ গত
বছরের নভেম্বরে চাকরিতে যোগদান করার পর থেকে অদ্যাবধি কোনরূপ
বেতন–ভাতা পাননি। এ জটিলতা থেকে মুক্তির জন্য উপরোক্ত শিক্ষকগণ
বারবার সংশ্লিষ্ট শিক্ষা কর্মকর্তার সাথে ধর্ণা দিয়েও শুধুমাত্র আশ্বাস ব্যতীত
আর কিছু পান নি।